

নিঃশব্দের অধিকার
নাগরিক সম্মেলন
প্রয়াত বিচারক ভগবতীপ্রসাদ বন্দোপাধ্যায় স্মরণে
ভগবতীপ্রসাদ বন্দোপাধ্যায় মঞ্চ
(লায়ন্স ক্লাব হল, দেশপ্রিয় পার্ক, শরৎ বসু রোড)
৩ ডিসেম্বর, ২০১৬, শনিবার বেলা ৩টা থেকে সন্ধ্যা ৭টা

বন্ধুগন,

সবুজ মঞ্চের পক্ষ থেকে শারদ শুভেচ্ছা জানাই। সবুজ মঞ্চ পশ্চিমবঙ্গের পরিবেশ সচেতন ব্যক্তি ও সগঠনের যুক্ত মঞ্চ। আপনারা অবগত আছেন আমাদের সংগঠন শব্দ দূষণের বিরুদ্ধে ২০০৯ সাল থেকে লাগাতার আন্দোলন চালিয়ে যাচ্ছে। এই বিষয়ে বিচারক ভগবতীপ্রসাদ বন্দোপাধ্যায় ছিলেন আমাদের পথপ্রদর্শক এবং উপদেষ্টা। বিশেষভাবে উৎসবের সময়ে শব্দবাজী ও ডিজে সাউন্ড বক্স থেকে শব্দ দূষণ ভয়াবহ রূপ ধারণ করে, প্রতিবাদ করাতে এখন পর্যন্ত সাত জন দুষ্কৃতিদের নিগ্রহে প্রাণ হারিয়েছেন এবং অনেক প্রতিবাদী মানুষ শারীরিকভাবে লাঞ্চিত হয়েছেন। শব্দ আইনে স্পষ্টকরে বলা আছে ৯০ ডেসিবেল আওয়াজের বেশী শব্দবাজী বেআইনি এবং মাইকের আওয়াজের উর্ধসীমা ৬৫ ডেসিবেল। রাত দশটার পর ও সকাল ছ'টার আগে কোন বাজী পোড়ানো বা মাইক বাজানো নিষিদ্ধ। এছাড়া হাসপাতাল স্বাস্থ্যকেন্দ্র, বিদ্যায়তন, বৃদ্ধাশ্রম ইত্যাদি নিঃশব্দ এলাকায় শব্দবাজী বা মাইক বেআইনি। কিন্তু প্রশাসনের উপস্থিতিতেই এই আইন ব্যাপকভাবে লঙ্ঘিত হচ্ছে এবং পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রন পর্ষদ নীরব দর্শকের ভূমিকা পালন করছেন।

বর্তমান বছরে ২৯ ও ৩০ অক্টোবর, কালীপূজা ও দীপাবলীর রাতে শব্দ আইন যথেষ্টভাবে লঙ্ঘন করা হয়েছে। আমাদের কন্ট্রোল রুম বিভিন্ন এলাকা থেকে সারা রাতধরে বহু অভিযোগ পেয়েছে এবং নাগরিক নজরদারী দল শহরের বিভিন্ন এলাকা ঘুরে শব্দ দূষণের প্রত্যক্ষ প্রমাণ সংগ্রহ করেছে। বিশেষত হাসপাতাল ও অন্যান্য আইনত নিঃশব্দ এলাকায় মাত্রাতিরিক্ত আওয়াজে রোগী ও শিশুরা কষ্ট পেয়েছে। খবরে প্রকাশ শব্দ দূষণে সারা ভারতের বড় শহরগুলোর মধ্যে দীপাবলীর রাতে শীর্ষে ছিল কলকাতা।

এই প্রেক্ষিতে কঠোরভাবে শব্দ বিধি লাগু করা ও অবৈধ বাজী কারখানা বন্ধের দাবীতে সবুজ মঞ্চ আগামী ৩ ডিসেম্বর, ২০১৬ শনিবার একটি নাগরিক প্রতিবাদ সম্মেলনের আয়োজন করেছে। এই সম্মেলনে আপনাদের উপস্থিতি একান্ত কাম্য।

নমস্কারান্তে

নবদত্ত

সম্পাদক, সবুজ মঞ্চ

স্থান : লায়ন্স ক্লাব হল, দেশপ্রিয় পার্ক, শরৎ বসু রোড

তারিখ: ৩ ডিসেম্বর, ২০১৬, শনিবার

সময় : বেলা ৩টা